বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি
অবসর ভবন
৭৫/এ, রোড নং ৫/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯
ফোন ঃ ২২২২৪০১৮৯, ৪৮১২২৯৮৭, ২২২২৪০১৯০।
Website : www.brgewa.com

## বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির ২০২২ থেকে ২০২৪ মেয়াদের কার্যনির্বাহী কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী ঃ

স্থান ঃ অবসর ভবন।
তারিখ ঃ ১৯ এপ্রিল, ২০২২।
সময় ঃ অপরাহ্ণ ০২.০০ টা।
সভাপতি ঃ বীর মুক্তিযোদ্ধা কাজী রিয়াজুল হক।
সভাপতি, বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি।

সভায় কার্যনির্বাহী কমিটির নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন ঃ

| | | |
|---|---|---|
| ১. | বীর মুক্তিযোদ্ধা ড. খোন্দকার শওকত হোসেন | সহ-সভাপতি |
| ২. | বীর মুক্তিযোদ্ধা কৃষিবিদ ড. শহীদুল ইসলাম | সহ-সভাপতি |
| ৩. | জনাব আবু আলম মো. শহিদ খান | মহাসচিব |
| ৪. | জনাব এ কে শামসুল হক | কোষাধ্যক্ষ |
| ৫. | বীর মুক্তিযোদ্ধা মোঃ আমান উল্লাহ | যুগ্ম-মহাসচিব |
| ৬. | বীর মুক্তিযোদ্ধা মোঃ মহসীন আলী সরদার (বীরপ্রতিক) | যুগ্ম-কোষাধ্যক্ষ |
| ৭. | বীর মুক্তিযোদ্ধা প্রকৌশলী সামসুজজোহা চৌধুরী | সহকারী মহাসচিব |
| ৮. | বীর মুক্তিযোদ্ধা মোঃ আব্দুল হাই | সদস্য |
| ৯. | প্রফেসর সামসাদ বেগম | " |
| ১০. | বীর মুক্তিযোদ্ধা এম মিজানুর রহমান | " |
| ১১. | বীর মুক্তিযোদ্ধা ম. হামিদ | " |
| ১২. | বীর মুক্তিযোদ্ধা মোঃ আলী কবির হায়দার | " |
| ১৩. | বীর মুক্তিযোদ্ধা মোঃ জিয়ারুল ইসলাম | " |
| ১৪. | কৃষিবিদ মোঃ ওয়াসিউজ্জামান আকন্দ | " |
| ১৫. | বীর মুক্তিযোদ্ধা মোঃ আজহার আলী তালুকদার | " |
| ১৬. | জনাব মোঃ ফজলুল হক | " |
| ১৭. | জনাব মোঃ এনায়েত হোসেন | " |
| ১৮. | প্রফেসর ডাঃ আব্দুল মালেক | " |
| ১৯. | জনাব মুশফেকা ইকফাৎ | " |
| ২০. | জনাব অশোক মাধব রায় | " |
| ২১. | প্রফেসর মোহাম্মদ আলী | বিভাগীয় প্রতিনিধি, ঢাকা-১ |
| ২২. | জনাব রফিকুদ্দৌলা সিদ্দিকী | বিভাগীয় প্রতিনিধি, ঢাকা-২ |
| ২৩. | জনাব মো. নুরুল হক | বিভাগীয় প্রতিনিধি, চট্টগ্রাম-১ |
| ২৪. | জনাব সাইফুল ইসলাম ভুঞা তপন | বিভাগীয় প্রতিনিধি, চট্টগ্রাম-২ |
| ২৫. | জনাব শামসুল হুদা | বিভাগীয় প্রতিনিধি, রাজশাহী |
| ২৬. | জনাব এ এস আব্দুল কাদির মাহমুদ | বিভাগীয় প্রতিনিধি, সিলেট |
| ২৭. | জনাব নির্মল কুমার বর্মণ | বিভাগীয় প্রতিনিধি, রংপুর |
| ২৮. | জনাব কবির আহমেদ | বিভাগীয় প্রতিনিধি, ময়মনসিংহ |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান এবং উপস্থিত সহযোজিত সদস্যদের এবং মনোনীত বিভাগীয় প্রতিনিধিদের পরিচিতি প্রদানের জন্য অনুরোধ করা হলে তাঁরা নিজ নিজ পরিচিতি প্রদান করেন এবং তাঁদেরকে কার্যনির্বাহী কমিটি সদস্য হিসেবে মনোনীত করায় ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

অত:পর সভাপতি সভার বিজ্ঞপ্তির ১নং আলোচ্যসূচিতে বর্ণিত সমিতির ০৮ ফেব্রুয়ারী, ২০২২ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটির কার্যবিবরণী নিশ্চিতকরণের আহ্বান জানিয়ে কারো কোন মতামত থাকলে তা অবহিত করার অনুরোধ জানান।

আলোচ্যসূচী মোতাবেক আলোচ্য বিষয়সমূহ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| আলোচ্যসূচী-১ ঃ সমিতির ০৮ মার্চ, ২০২২ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটির সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ। | সভায় বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভাপতি উপস্থাপন করলে উপস্থিত সদস্য বীর মুক্তিযোদ্ধা মো: আব্দুল হাই উল্লেখ করেন যে, তাঁর বক্তব্য কার্যবিবরণীতে যথাযথভাবে প্রতিফলিত হয়নি। তিনি প্রত্যেক কার্যনির্বাহী কমিটির সভার নোটিশে বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়নের অগ্রগতির বিষয়টি নোটিশের আলোচ্যসূচিতে লিপিবদ্ধ করার পরামর্শ প্রদান করেন। এছাড়া, কার্যনির্বাহী কমিটির নোটিশে কোন বিষয় সম্পর্কে অবহিতকরণ না রেখে বিষয় সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ রাখার প্রস্তাব করেন।<br>সভায় বীর মুক্তিযোদ্ধা মো: আজহার আলী তালুকদার কার্যবিবরণীতে কার্যনির্বাহী কমিটিতে সহযোজিত ২ (দুই) জন সদস্য, বিদায়ী সভাপতিকে সদস্য হিসেবে সহযোজন এবং বিভাগীয় প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত বিষয়ে তাঁদের ভোটারধিকার থাকবে না মর্মে গৃহিত সিদ্ধান্তের বিষয়ে সমিতির মহাসচিবের 'নোট অব ডিসেন্ট' থাকা সংক্রান্ত আলোচনা সভায় হয়নি। তিনি কার্যবিবরণী এই তিনটি স্থানে 'নোট অব ডিসেন্ট' প্রদানের বিষয়টি প্রত্যাহারের পরামর্শ প্রদান করেন।<br>বীর মুক্তিযোদ্ধা মো: আব্দুল হাই উপ-কমিটির সদস্য-সচিব এর স্থানে গঠনতন্ত্র মোতাবেক সম্পাদক লিপিবদ্ধ করার পরামর্শ প্রদান করেন এবং তিনি উপ-কমিটিসমূহের কার্যপরিধি প্রণয়নের জন্য পরামর্শ প্রদান করেন। আলোচনাকালে সমিতির মহাসচিব তার 'নোট অব ডিসেন্ট' প্রত্যাহার করার ব্যাপারে বিস্তারিত আলোচনা করেন। অতপর মহাসচিব উল্লেখ করেন যে, সহযোজিত সদস্য, বিদায়ী সভাপতিকে কার্যনির্বাহী কমিটির সদস্য হিসেবে সহযোজন এবং বিভাগীয় প্রতিনিধিদের ভোটারাধিকার না থাকার বিষয়ে গঠনতন্ত্রে কোনরূপ দিকনির্দেশনা নেই। তাই গঠনতান্ত্রিক বিধানের আলোকে তাঁদের ভোটারধিকার থেকে বঞ্চিত করা সমীচীন নয়। তিনি বিগত সভায় | (১) এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে মহাসচিব 'নোট অব ডিসেন্ট' শব্দগুলো প্রত্যাহার করেন। |

| | | |
|---|---|---|
| | উল্লিখিত সদস্যদের ভোটারাধিকার না রাখার সিদ্ধান্ত গ্রহণের সময় দ্বিমত পোষণ করেছিলেন বলে জানান। এ কারণে কার্যবিবরণীর ৩টি স্থানে নোট অব ডিসেন্ট লিপিবদ্ধ করা হয়েছিল। এ প্রসঙ্গে বীর মুক্তিযোদ্ধা মোঃ আব্দুল হাই বলেন, সর্বশেষ সংশোধিত গঠনতন্ত্রে ১৯ জন নির্বাচিত প্রতিনিধি সমন্বয়ে কার্যনির্বাহী কমিটি সুস্পষ্ট রূপরেখা দেওয়া আছে। অতএব শুধুমাত্র তাঁদেরই ভোটাধিকার থাকার অধিকার গঠনতন্ত্র অনুযায়ী। এ ব্যাপারে বিস্তারিত আলোচনান্তে উপস্থিত অধিকাংশ সদস্য সহযোজনকৃত সদস্যদের ভোটারধিকার না থাকার পক্ষে মত প্রদান করেন। মহাসচিবকে 'নোট অব ডিসেন্ট' প্রত্যাহার করার অনুরোধ করেন। সমিতির সভাপতি এ পর্যায়ে মহাসচিবকে 'নোট অব ডিসেন্ট' শব্দগুলো প্রত্যাহার করার জন্য অনুরোধ জানান। অতঃপর মহাসচিব তার প্রদত্ত "নোট অব ডিসেন্ট" প্রত্যাহার করেন।<br><br>সমিতির কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব মোঃ এনায়েত হোসেন জানান যে, দরপত্র উন্মুক্তকরণ উপ-কমিটিতে সদস্য-সচিব পদ থেকে তাঁকে অন্য কোন উপ-কমিটিতে অন্তর্ভুক্ত করার প্রস্তাব করেন। | (২) কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব মোঃ এনায়েত হোসেনকে দরপত্র উন্মুক্তকরণ উপ-কমিটির সদস্য-সচিব পদ থেকে অন্যকোন উপ-কমিটির সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| আলোচ্যসূচী-২ ঃ সমিতি ভবনের বিভিন্ন উন্নয়ন ও সংস্কার কাজ সম্পর্কে অবহিতকরণ। | সভায় সমিতির সভাপতি উপস্থিত সদস্যগণকে সমিতির নিম্নোক্ত উন্নয়ন ও সংস্কার কাজ সম্পর্কে সম্ভাব্য ব্যয়সহ পরিচালক (প্রশাসন) থেকে প্রাপ্ত বিভিন্ন সংস্কার কাজের একটি তালিকা কার্যনির্বাহী কমিটির সদস্যদের অবহিত করণের জন্য উপস্থাপন করেন। এ প্রসঙ্গে সমিতির কার্যনির্বাহী কমিটির সদস্য বীর মুক্তিযোদ্ধ মোঃ আব্দুল হাই বলেন, উল্লেখিত কাজগুলো কার্যনির্বাহী কমিটির সভায় পর্যালোচনা হওয়া প্রয়োজন।<br><br>এ সম্পর্কে সভাপতি জানান সমিতির নীচ তলায় একটি জরুরী চিকিৎসা বিভাগ চালু করার ব্যাপারে ইতিপূর্বে আলোচনা হয়েছে। তিনি আরো উল্লেখ করেন, নতুন ভবনের নীচ তলায় স্টোর রুম এবং হোমিওপ্যাথিক চিকিৎসকের কক্ষের সংস্কার করে প্রস্তাবিত জরুরী চিকিৎসা সেবা কেন্দ্র স্থাপনের উদ্যোগ নেওয়া যেতে পারে। এ প্রসঙ্গে মহাসচিব জানান যে, বীর মুক্তিযোদ্ধা ড. খোন্দকার শওকত হোসেন, বীর মুক্তিযোদ্ধা প্রকৌশলী সামসুজজোহা চৌধুরী ও প্রকৌশলী | (১) উল্লিখিত সংস্কার ও উন্নয়ন কাজগুলোর প্রাক্কলন অভিজ্ঞ ব্যক্তিদের দিয়ে তৈরি করে সংশ্লিষ্ট উপ-কমিটির মাধ্যমে বিধি মোতাবেক সম্পন্ন করা হবে।<br><br>(২) উক্ত অনু-কমিটি জরুরী ভিত্তিতে একটি প্রতিবেদন প্রদান করবেন। |

| | | |
|---|---|---|
| | দেওয়ান মো: শাহ আলমকে একটি অনু-কমিটি গঠন করা যেতে পারে। | |
| আলোচ্যসূচী-৩ ঃ সমিতির নতুন ভবনের চতুর্থ তলায় সভাকক্ষ, লাইব্রেরী, লাউঞ্জ স্থাপন ও সংস্কার বিষয়ে প্রেজেন্টেশন। | সভায় সমিতির নতুন ভবনের চতুর্থ তলায় সভাকক্ষ, লাইব্রেরী, লাউঞ্জ স্থাপন ও সংস্কার করার জন্য উপস্থিত সকল সদস্যকে এ বিষয়ে প্রজেক্টরের মাধ্যমে একটি প্রেজেন্টেশন দেখানো হয়। এছাড়া মহাসচিব জানান যে, ৪র্থ তলার বর্ণিত কাজ ডিজাইন, প্রাক্কলন ইত্যাদি প্রস্তুত করার জন্য কে. আর. এম. ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস প্রতিষ্ঠানকে কনসালটেন্ট নিয়োগের ব্যবস্থা করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠানের মাধ্যমে বর্ণিত কাজগুলো করা হবে। | (১) সমিতির নতুন ভবনের চতুর্থ তলায় সভাকক্ষ, লাইব্রেরী, লাউঞ্জ স্থাপন ও সংস্কার করার জন্য বিধিমত উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>(২) ৪র্থ তলার সভাকক্ষ, লাইব্রেরী, লাউঞ্জ স্থাপন ও সংস্কার করার কাজে ডিজাইন, প্রাক্কলন ইত্যাদি প্রস্তুত করার জন্য কে আর এম ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস প্রতিষ্ঠানকে টা: ৪,৯৫,২৬৪/- (চার লক্ষ পঁচানব্বই হাজার দুইশত চৌষট্টি) মূল্যে কনসালটেন্ট নিয়োগের অনুমোদন দেওয়া হয়। |
| আলোচ্যসূচী-৪ ঃ নূতন সদস্যভুক্তির আবেদনসমূহ বিবেচনা ও অনুমোদন। | সভায় নূতন সদস্যভুক্তির আবেদনসমূহ উপস্থাপন করলে উপস্থিত সদস্যগণ ইতিবাচক মতামত প্রদান করেন। | নূতন সদস্যভুক্তির আবেদনসমূহ অনুমোদন করা হলো। |
| আলোচ্যসূচী-৫ ঃ বিবিধ।<br>(ক) ১২ এপ্রিল, ২০২২ তারিখে অনুষ্ঠিত স্বাস্থ্য উপ-কমিটির সুপারিশ অনুমোদন। | (ক) বিবিধ আলোচনা ১২ এপ্রিল, ২০২২ তারিখে অনুষ্ঠিত স্বাস্থ্য উপ-কমিটির সভার সুপারিশ নিম্নোক্তভাবে তুলে ধরা হয় :<br>(১) বার্ষিক স্বাস্থ্য পরীক্ষায় আরও কিছু প্রয়োজনীয় টেস্ট অর্ন্তভুক্ত করা যেতে পারে।<br>(২) চিকিৎসা কেন্দ্রের বিভিন্ন টেস্টের মূল্য পরীক্ষান্তে হ্রাসের ব্যবস্থা করা যেতে পারে।<br>(৩) তাৎক্ষণিক স্টিপের মাধ্যমে ব্লাড সুগার পরীক্ষার মূল্য টা: ৩০ (ত্রিশ) নির্ধারণ করা যেতে পারে।<br>(৪) সমিতির চিকিৎসা কেন্দ্রে একজন করে নেফ্রোলজি, চর্ম রোগ বিশেষজ্ঞ, নিউরো মেডিসিন, বক্ষব্যাধি, গ্যাস্টোলজি ও এন্ডোক্রিনোলজিস্ট চিকিৎসক নিয়োগ করা যেতে পারে। | (ক) ১২ এপ্রিল, ২০২২ তারিখে অনুষ্ঠিত স্বাস্থ্য উপ-কমিটির সভার নিম্নোক্ত সুপারিশ অনুমোদন করা হয় :<br>(১) বার্ষিক স্বাস্থ্য পরীক্ষায় আরও কিছু প্রয়োজনীয় টেস্ট অর্ন্তভুক্ত করতে হবে।<br>(২) চিকিৎসা কেন্দ্রের বিভিন্ন টেস্টের মূল্য পরীক্ষান্তে হ্রাসের ব্যবস্থা করতে হবে।<br>(৩) তাৎক্ষণিক স্টিপের মাধ্যমে ব্লাড সুগার পরীক্ষার মূল্য টা: ৩০ (ত্রিশ) নির্ধারণ করতে হবে।<br>(৪) সমিতির চিকিৎসা কেন্দ্রে একজন করে নেফ্রোলজি, চর্ম রোগ বিশেষজ্ঞ, নিউরো মেডিসিন, বক্ষব্যাধি, গ্যাস্ট্রোলজি, এন্ডোক্রিনোলজিস্ট ও ইউরোলজি চিকিৎসক নিয়োগ দিতে হবে। |

| | | |
|---|---|---|
| | (৫) সমিতির চিকিৎসা কেন্দ্রে বিনা বেতনে সেবাদানকারী সিনিয়র ডায়াবেটিকস চিকিৎসক ডাঃ ইমাম কোনাউনের আগ্রহের পরিপ্রেক্ষিতে তাঁকে চিকিৎসক হিসেবে নিয়োগ করা যেতে পারে। | (৫) সমিতির চিকিৎসা কেন্দ্রে বিনা বেতনে সেবাদানকারী সিনিয়র ডায়াবেটিকস চিকিৎসক ডাঃ ইমাম কোনাউনের আগ্রহের পরিপ্রেক্ষিতে তাঁকে চিকিৎসক হিসেবে নিয়োগ দিতে হবে। |
| | (৬) সমিতির সদস্যদেরকে স্বল্পমূল্যে বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা ও প্রয়োজনীয় চিকিৎসা সেবা প্রাপ্তির লক্ষ্যে সমিতির সাথে সরকারি/বেসরকারী হাসপাতালের MOU সম্পাদনের নিমিত্ত নিম্নোক্ত কমিটি গঠন করা যেতে পারে।<br>(ক) বীর মুক্তিযোদ্ধা মোঃ আজহার আলী তালুকদার - আহ্বায়ক<br>(খ) বীর মুক্তিযোদ্ধা মোঃ আমান উল্লাহ-সদস্য<br>(গ) ডাঃ সৈয়দ ফিরোজ আলমগীর - সদস্য<br>(ঘ) ড. মোঃ শাহজাহান - সদস্য<br>উক্ত কমিটি MOU সম্পাদনের বিষয়ে সুপারিশমালা প্রণয়ন করবে। | (৬) সমিতির সদস্যদেরকে স্বল্পমূল্যে বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা ও প্রয়োজনীয় চিকিৎসা সেবা প্রাপ্তির লক্ষ্যে সমিতির সাথে সরকারি/বেসরকারী হাসপাতালের MOU সম্পাদনের নিমিত্ত নিম্নোক্ত কমিটি গঠন করতে হবে।<br>(ক) বীর মুক্তিযোদ্ধা মোঃ আজহার আলী তালুকদার - আহ্বায়ক<br>(খ) বীর মুক্তিযোদ্ধা মোঃ আমান উল্লাহ-সদস্য<br>(গ) ডাঃ সৈয়দ ফিরোজ আলমগীর - সদস্য<br>(ঘ) ড. মোঃ শাহজাহান - সদস্য<br>উক্ত কমিটি MOU সম্পাদনের বিষয়ে সুপারিশমালা প্রণয়ন করবে। |
| | (৭) চিকিৎসা কেন্দ্রে ২ (দুই) জন চিকিৎসকসহ প্রয়োজনীয় জনবল নিয়োগের মাধ্যমে সমিতির নতুন ভবনের নীচ তলার পশ্চিমাংশে ইমার্জেন্সি ইউনিট চালুর ব্যবস্থা করা যেতে পারে। | (৭) চিকিৎসা কেন্দ্রে ২ (দুই) জন চিকিৎসকসহ প্রয়োজনীয় জনবল নিয়োগের মাধ্যমে সমিতির নতুন ভবনের নীচ তলায় অনু-কমিটির প্রতিবেদন প্রাপ্তির পর পশ্চিমাংশে ইমার্জেন্সি ইউনিট চালুর ব্যবস্থা করতে হবে। |
| | (৮) বিভিন্ন পদে চিকিৎসক নিয়োগের পর দুই শিফ্‌টে চিকিৎসা সেবা চালু করা যেতে পারে। | (৮) বিভিন্ন পদে চিকিৎসক নিয়োগের পর দুই শিফ্‌টে চিকিৎসা সেবা চালু করতে হবে। |
| | (৯) চিকিৎসা কেন্দ্রে কিডনী রোগীদের ডায়ালসিস চালু করার ব্যাপারে প্রফেসর ডাঃ আব্দুল মালেককে পরীক্ষান্তে একটি রির্পোট পেশ করতে পারেন। | (৯) চিকিৎসা কেন্দ্রে কিডনী রোগীদের ডায়ালসিস চালু করার ব্যাপারে প্রফেসর ডাঃ আব্দুল মালেককে পরীক্ষান্তে একটি রির্পোট পেশ করবেন। |
| | (১০) সমিতির চিকিৎসা কেন্দ্রের লাইসেন্স প্রাপ্তির লক্ষ্যে চিকিৎসা কেন্দ্রের নাম "BRGEWA মেডিকেল কনসালটেন্সি এন্ড ডায়াগনিস্টিক সেন্টার" নামকরণ করা যেতে পারে। | (১০) সমিতির চিকিৎসা কেন্দ্রের লাইসেন্স প্রাপ্তির লক্ষ্যে চিকিৎসা কেন্দ্রের নাম "BRGEWA মেডিকেল কনসালটেন্সি এন্ড |

| | | |
|---|---|---|
| | | ডায়াগনিস্টিক সেন্টার" নামকরণের প্রস্তাব অনুমোদিত। |
| | (১১) সমিতির চিকিৎসা কেন্দ্রের লাইসেন্স প্রাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা যেতে পারে ঃ<br>(ক) প্রফেসর ডাঃ আব্দুল মালেক - আহ্বায়ক<br>(খ) জনাব বাসুদেব গাঙ্গুলী - সদস্য<br>(গ) কৃষিবিদ মোঃ আব্দুস সোবহান ভূইয়া - সদস্য<br>(ঘ) খোন্দকার মতিয়ার রহমান - সদস্য<br>(ঙ) জনাব মোহা ওয়ালিউর রহমান - সদস্য | (১১) সমিতির চিকিৎসা কেন্দ্রের লাইসেন্স প্রাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠনের প্রস্তাব অনুমোদিত।<br>(ক) প্রফেসর ডাঃ আব্দুল মালেক - আহ্বায়ক<br>(খ) জনাব বাসুদেব গাঙ্গুলী - সদস্য<br>(গ) কৃষিবিদ মোঃ আব্দুস সোবহান ভূইয়া- সদস্য<br>(ঘ) খোন্দকার মতিয়ার রহমান - সদস্য<br>(ঙ) জনাব মোহা ওয়ালিউর রহমান - সদস্য |
| | (১২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের বর্ধিত অর্থ প্রাপ্তির ব্যাপারে গঠিত কমিটির সুপারিশ মোতাবেক উত্তরার জায়গায় অস্থায়ী অবকাঠামো নির্মাণ করে প্রাথমিক স্বাস্থ্য সেবা এবং বিভিন্ন পরীক্ষার স্যাম্পল কালেকশন করে স্বাস্থ্য সেবা প্রদানের ব্যবস্থা করা যেতে পারে। | (১২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের বর্ধিত অর্থ প্রাপ্তির ব্যাপারে গঠিত কমিটির সুপারিশ মোতাবেক উত্তরার জায়গায় অস্থায়ী অবকাঠামো নির্মাণ করে প্রাথমিক স্বাস্থ্য সেবা এবং বিভিন্ন পরীক্ষার স্যাম্পল কালেকশন করে স্বাস্থ্য সেবা প্রদানের ব্যবস্থা করতে হবে। |
| (খ) উপ-কমিটির টি ও আর প্রস্তুতকরণ। | (খ) সভায় প্রত্যেক উপ-কমিটি তার টি ও আর প্রস্তুত করে পরবর্তী কার্যনির্বাহী কমিটির সভার পূর্বেই কর্তৃপক্ষের নিকট পেশ করবে। এছাড়া ৩০ জুলাই, ২২ এর মধ্যে বিশেষ জরুরী সাধারণ সভার ব্যবস্থা করার বিষয়টি সভায় আলোচনা করা হয়। | (খ) প্রত্যেক উপ-কমিটি স্ব স্ব টি ও আর প্রস্তুত করে পরবর্তী কার্যনির্বাহী কমিটির সভায় পেশ করবেন। আগামী ৩১ শে জুলাই, ২০২২ এর মধ্যে বিশেষ জরুরী সাধারণ সভা অনুষ্ঠিত হবে। এর জন্য প্রস্তুতিমূলক কার্যক্রম গ্রহণ করতে হবে। |
| (গ)ই.জি.এম-এর ব্যবস্থাকরণ। | (গ) বিশেষ জরুরী সাধারণ সভা অনুষ্ঠানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (গ) সমিতির বিশেষ জরুরী সাধারণ সভা আগামী ৩০ জুলাই, ২০২২ এর মধ্যে করতে হবে। |
| (ঘ) সমিতির ভাড়াটিয়াদের নিকট থেকে ভাড়া আদায়। | (ঘ) সমিতির ২টি ভবনের ভাড়াটিয়াদের নিকট থেকে ভাড়া আদায়ের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (ঘ) সমিতি ভবনের বিভিন্ন ভাড়াটিয়াগণের নিকট প্রাপ্ত বকেয়া ভাড়া আদায় করার জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হয় :<br>(ক) বীর মুক্তিযোদ্ধা মোঃ আব্দুল হাই- আহ্বায়ক<br>(খ) বীর মুক্তিযোদ্ধ মোঃ আমান উল্লাহ-সদস্য<br>(গ) বীর মুক্তিযোদ্ধা মোঃ জিয়ারুল |

| | | |
|---|---|---|
| | | ইসলাম- সদস্য<br>(ঘ) বীর মুক্তিযোদ্ধা মোঃ আজহার আলী তালুকদার- সদস্য<br>(ঙ)জনাব মোঃ ফজলুল হক- সদস্য<br>উক্ত কমিটিকে পরবর্তী কার্যনির্বাহী কমিটির সভার আগেই প্রতিবেদন দাখিল করবেন। |
| (ঙ) সমিতির উপ-কমিটির যাতা-ভাতা পুনঃনির্ধারণ। | (ঙ) সভায় সমিতির উপ-কমিটির যাতায়াত ভাতা পুনঃনির্ধারণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অধিকাংশ সদস্য যৌক্তিক হারে যাতায়াত পুনঃনির্ধারণের বিষয়ে মতামত ব্যক্ত করেন। | (ঙ) উপ-কমিটির সদস্যগণের যাতায়াত ভাতা ১০০০/- (এক হাজার) টাকা নির্ধারণ করা হয়। |

অতঃপর সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

26/5/2022

(বীর মুক্তিযোদ্ধা কাজী রিয়াজুল হক)
সভাপতি